# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২৮

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৫৮ তম কমিশন সভা অদ্য ২৭/০৯/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. এস্‌কোয়্যার নীট কম্পোজিট লিঃ এর প্রায় ১৫০ (একশত পঞ্চাশ) কোটি টাকা মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ৩,৪৮,৯৫,৮৩৩ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যুর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে। ৩,৪৮,৯৫,৮৩৩টি সাধারণ শেয়ারের মধ্যে ২,০৮,৩৩,৩৩২ টি শেয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) টাকা মূল্যে যোগ্য বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, যোগ্য বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা স্টক এক্সচেঞ্জের ইলেকট্রনিক বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানীর শেয়ার প্রতি প্রান্ত-সীমা (Cut-off) মূল্য ৪৫ (পঁয়তাল্লিশ) টাকায় নির্ধারিত হয়। অবশিষ্ট ১,০৪,৬২,৫০১ টি সাধারণ শেয়ার ৪০ (চল্লিশ) টাকা মূল্যে (প্রান্ত-সীমা মূল্য থেকে ১০% বাট্টায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশীসহ) নিকট বিক্রয় করা হবে। এই IPO এর মাধ্যমে পুঁজিবাজার থেকে উত্তোলিত অর্থ নতুন প্রকল্পের জন্য যন্ত্রপাতি ক্রয়, ভবন ও অন্যান্য স্থাপনা নির্মাণ এবং গণ-প্রস্তাব সংক্রান্ত খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৭ সালের সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ২.৫২ টাকা এবং পুনঃমূল্যায়নসহ নীট সম্পদ মূল্য (NAV with revaluation) ৪৫.৮৩ টাকা এবং পুনঃমূল্যায়নছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation) ২৫.৯৬ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ।

২. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর ৭০০ (সাতশত) কোটি টাকার Mudaraba Redeemable Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ন অবসায়ন হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, বিদেশী উন্নয়ন সহযোগী আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, Tier-II capital base strengthen করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কাজ করছে।

৩. সোসাল ইসলামী ব্যাংক লিঃ এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Mudaraba Redeemable Non-Convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ন অবসায়ন হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, কর্পোরেট প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে সোসাল ইসলামী ব্যাংক লিঃ, Tier-II capital base strengthen করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কাজ করছে।

৪. ডাচ বাংলা ব্যাংক লিঃ এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Floating Rate Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ন অবসায়ন হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানী, কর্পোরেট প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ডাচ বাংলা ব্যাংক লিঃ, Tier-

II capital base strengthen করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কাজ করছে।

৫. ওয়ান ব্যাংক লিঃ এর ৪০০ (চারশত) কোটি টাকার Subordinated Floating Rate Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে non-convertible, fully redeemable, floating rate, unsecured, unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ন অবসায়ন হবে যা বিভিন্ন প্রতিষ্ঠানিক বিনিয়োগকারীগণ এবং উচ্চ সম্পদশালী বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ওয়ান ব্যাংক লিঃ, Tier-II capital base strengthen করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে এমটিবি ক্যাপিটাল লিঃ এবং আরএসএ অ্যাডভাইজরি লিঃ কাজ করছে।

৬. বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড 'HFAML ACME Employees Unit Fund'এর খসড়া প্রসপেক্টাস কমিশন অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৫ (পাঁচ) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৫ (পনের) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা দ্য এ্যকমি ল্যাবরেটরিজ লিমিটেড এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড এবং সম্পদ ব্যবস্থাপক এইচএফ এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং ব্রাক ব্যাংক লিমিটেড।

৭. কমিশন কনভারশন গাইডলাইন অনুসরণ করে 'আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ড' কে মেয়াদী থেকে বে-মেয়াদী (ক্রমবর্ধিষ্ণু) ফান্ডে রূপান্তরের অনুমোদন প্রদান করেছে।

২৭/০৯/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।